

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৩. ২. ২৬. শলোমনের প্রধান অধ্যক্ষ কত জন ছিলেন?

শলোমনের প্রধান অধ্যক্ষদের সংখ্যায় রাজাবলি/ বাদশাহনামা ও বংশাবলি/ খান্দাননামা সাংঘর্ষিক তথ্য দিয়েছে: ৫৫০ অথবা ২৫০!

১ বাদশাহনামা/ রাজাবলি ৯/২৩: "তাদের মধ্যে হতে পাঁচশত পঞ্চাশ জন সোলায়মানের কাজে নিযুক্ত প্রধান নেতা (chief of the officers) ছিল; তারা কর্মরত লোকদের উপর কর্তৃত্ব করতো (bare rule over the people)। (মো.-১৩)

এর বিপরীতে ২ বংশাবলি/ খান্দাননামা ৮/১০: "আর তাদের মধ্যে বাদশাহ সোলায়মানের নিযুক্ত দুই শত পঞ্চাশ জন প্রধান নেতা (chief of king Solomon's officers) লোকদের উপর কর্তৃত্ব করতো (bare rule over the people)। (মো.-১৩)

Source — https://www.hadithbd.com/books/link/?id=13983

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন